

লুইজিয়ানায় আকাশলীনার বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান দক্ষিণের জানালায় বাংলার মুখ



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে সমবেত সঙ্গীত। ছবি-ঠিকানা।



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে ড. মোস্তাফা সারওয়ার। ছবি-ঠিকানা।



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে সুধীর একাংশ। ছবি-ঠিকানা।

লুইজিয়ানা : লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটির ইন্টারন্যাশনাল কালচারাল সেন্টারে উদ্বোধিত হলো আকাশলীনার বার্ষিক বাংলা সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। গত ৩০ অক্টোবরের এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওয়াশিংটনে বাংলাদেশের রাষ্ট্রদূত আকরামুল কাদের। ততক্ষণ বক্তব্য রাখেন ইউনিভার্সিটি অব নিউ অরলিন্স-এর জিও ফিজিয়েলের অধ্যাপক বিশিষ্ট কবি ও লেখক ডঃ মোস্তাফা সারওয়ার এবং সাউদার্ন ইউনিভার্সিটি অব ব্যাটন রুজের ইংরেজী বিভাগের অধ্যাপক বিশিষ্ট লেখক ডঃ মুনীর মুজতবা আলী। অনুষ্ঠানে সমবেত হন লুইজিয়ানা, এলাবামা ও মিসিসিপি থেকে আগত বাংলা সাহিত্য ও সংস্কৃতি প্রেমী সকল বাংলাদেশী। "দক্ষিণের জানালায় বাংলার মুখ" শিরোনামে আকাশলীনা আয়োজিত নির্ভালা এ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিণত হয় বাঙ্গালী ও বাংলাদেশী কবি, লেখক, শিল্পী ও বাংলা সংস্কৃতি-প্রেমীদের এক মিলন মেলায়। অনুষ্ঠানে প্রবাসী লেখক ও কবিদের লেখা নিয়ে কামরুন জিনিয়ার সম্পাদনায় একটি

স্মারনসূচক অ্যাওয়ার্ড। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানীয় শিল্পী, কবি ও লেখকবৃন্দ ছাড়াও ফ্লোরিডা থেকে পান করতে আসেন সুমন সিরাজী এবং এলাবামা থেকে ব্যাড দল 'অভিসি'। তাদের পরিবেশিত হৃদয়গ্রাহী বাংলা গান দর্শকদের ধরে রাখে মধ্যরাত পর্যন্ত। অনুষ্ঠানে স্বরচিত 'কবিতা পাঠের আসরে' অংশগ্রহণ করেন কবি ডঃ আনসারী খান, আবদুল্লাহ নোমান, ডঃ সৈয়দ আবদুল মজিদ, ডঃ সাদেকা তামান্না, মন্দিরা সেনগুপ্ত, অর্নব ও কামরুন জিনিয়া। দেশাত্মবোধক গান, ছড়া, কবিতা ও পিয়ানো পরিবেশন করেন দ্বিতীয় প্রজন্মের হৃদিতা জামান, অর্নব, অয়ন, প্রিয়তি মাহজারিন হক, আয়মাইন ও সাদমান আলমগীর, অনুযা জামান ও নামিরা আফরীন পারভেজ। নাচে অংশ নেয় অত্রিজা ও হদিতা জামান। পারভীন সুলতানার পরিচালনায় বিশেষ গীতিনাট্যে অংশ নেয় ফাতেমা চৌধুরী প্রজা ও সুমহিতা চৌধুরী, যা দর্শকদের অভিভূত করে স্থানীয় শিল্পীদের মধ্যে আরও গান করেন আননী দব, নিউ অরলিন্স থেকে প্রতিভাবান শিল্পী সুমহিতা চৌধুরী, মনরো লুইজিয়ানা থেকে ডঃ রেজাউল ইসলাম, মিসিসিপি থেকে ডঃ ইফতেখার উল্লাহ, ডঃ সাদেকা তামান্না, ডঃ আলমগীর হোসেন ও সালমা আলমগীর রেখা। মুক্তিযুদ্ধ নিয়ে নিজের লেখা একক নাটিকাতে অভিনয় করেন নাফিউল হক নাফি এবং হুমায়ূন আহমেদ-এর 'পপুবিলাস'-এ একক অভিনয় করেন ডঃ শায়লা খান। অনুষ্ঠান উপস্থাপনার বিভিন্ন পর্ষায় অংশগ্রহণ করেন ডঃ শাবানা করিম, তুয়ার লিয়াকত, নুসরাত শারমিন ও কামরুন জিনিয়া। ছবি তুলেছেন ইমরান আকন্দ

সঙ্গীত, ভিডিও রেকর্ডিং-এ সহায়তা করেছেন ডঃ ইফতেখার উল্লাহ, সাউথ সিঙ্গেলে আনিস ও অর্ক খান সার্বজনিক সহযোগিতা করেন। অনুষ্ঠানে ডঃ শামসুল হুদা ও জুলি হুদা, ডঃ মনিরুজ্জামান ও সুশঙ্কা মনির, ডঃ পার্থ ও মলি ভট্টাচার্য, ডঃ জাকব ও পূর্ববী উল্লাহ, ডঃ পারভেজ করিম ও ডঃ শাবানা করিম, ডঃ সাইদ, ডঃ বৃশরা, ডঃ জহানাল পারভেজ ও শান্তা পারভেজ, ডঃ শামীম সর্দার ও শিমুল সর্দার, ডঃ অন্প ও মনীষা কুণ্ড, প্রিগেডিয়ায় (অবঃ) আনোয়ার ও ডঃ রেবেকা, ক্যাপ্টেন ফরহাদ হোসেন ও শিউলী ফরহাদ, ক্যাপ্টেন জামাল ও রোজী জামাল, ডঃ খুরশিদ ও জেসমিন খুরশিদ, ডঃ শফিক রহমান, ডঃ মোজাম্মেল হক ও লাকী মোজাম্মেল, ডঃ হাসানুজ্জামান ও জাকিয়া পারভীন, ডঃ রবিউল হাসান, ডঃ আরিফ হাসান ও জিনাত হাসান নীনি, বিশিষ্ট ব্যবসায়ী হাকিম শহীদুজ্জামান ও অর্নব জামান, আবদুল হাই, আলী, ডঃ বরন ও মন্দিরা সেনগুপ্ত, ডঃ আনসারী খান ও বিশিষ্ট অভিনেত্রী ডঃ শায়লা খান, ডঃ সমীর চক্রবর্তী, ডঃ অসীম ভট্টাচার্য ও বাবী ভট্টাচার্য, মাল্যা মুখার্জী, ডঃ তপন সরকার ও টুকু সরকার, আলী কাদরী ও নূপুর কাদরী, ডঃ ফিরোজা, ডঃ রেজাউল ইসলাম ও মিসেস ইসলাম, ফারুক, সোহেল ও মিসেস সুমি, মিঃ ইকবাল ও গলশান ইকবাল, আবদুল্লাহ নোমান, মনোয়ার ও টুপ্পা মনোয়ার, আমজাদ হোসেন ও পারভীন সুলতানা সহ লুইজিয়ানা, মিসিসিপি ও এলাবামা অঙ্গরাজ্যের বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। প্রবাসে দ্বিতীয় প্রজন্মের সামনে বাংলা সাহিত্য ও সংস্কৃতিকে তুলে ধরতে ও নিরন্তর এর সৃজনশীল চর্চাকে গুরুত্ব দিয়ে আয়োজিত 'দক্ষিণের জানালায় বাংলার মুখ' অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ডঃ রিয়াজ ফেরদৌস শিবলী ও 'আকাশলীনা' সাহিত্য সংকলন-এর সম্পাদক কামরুন জিনিয়া।

লংআইল্যান্ড সিটি ও জ্যাকসন হাইটসে ফু ভ্যাকসিন দেয়া হয়
নিউইয়র্ক : নিউইয়র্কের এন্টোরিয়াতে অবস্থিত লংআইল্যান্ড সিটি কেমিস্ট ও এন্টোরিয়া ফার্মেসী এবং স্যাকসন হাইটসে অবস্থিত জ্যাকসন হাইটস ফার্মেসীতে হু ভ্যাকসিন সার্ভিস দেয়া হচ্ছে। ১৮ বছরের উপর বয়সীদের হু-শর্ট সেয়ার জন্য কোন প্রেসক্রিপশনের প্রয়োজন হবে না। হু ভ্যাকসিনের মূল্য ২৪.৯৯ ডলার। মেডিকেলিড, মেডিকোয়ার, পাট-ডিসহ সব ধরনের ইন্সুরেন্স প্রান গ্রহণ করা হয়। বাঙালি মালিকানাধীন ফার্মেসীগুলোর মাঝে উপরোক্ত তিনটি ফার্মেসীই হু ভ্যাকসিন সার্ভিসের অনুমোদন পেয়েছে। যোগাযোগ : ৭১৮-৩৯২-৮০৪৯। প্রেস বিজ্ঞপ্তি।